

একাদশে ভর্তিতে ফের আবেদন ১০ জুলাই শুরু

নিজস্ব প্রতিবেদক

৯ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৮ জুলাই ২০১৯ ২৩:৫৪



সত্যের সন্ধানে
আমাদের সময়

একাদশ শ্রেণিতে যেসব শিক্ষার্থী বিভিন্ন কারণে ভর্তি হতে পারেনি, তাদের আবার আবেদনের সুযোগ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ড। এসব শিক্ষার্থীদের আগামী ১০ থেকে ১৬ জুলাই পর্যন্ত একাদশ শ্রেণিতে ভর্তির জন্য কাল্পনিক কলেজে ম্যানুয়াল প্রক্রিয়ায় আবেদন করতে হবে। কলেজে আসন শূন্য থাকা সাপেক্ষে আগামী ২৭ জুলাইয়ের মধ্যে তাদের ভর্তি নেওয়া হবে। এ লক্ষ্যে বিভিন্ন কলেজের শূন্য আসনের তালিকা প্রকাশ করা হয়েছে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে। গতকাল সোমবার এ সংক্রান্ত নোটিশ জারি করেছে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটি।

এ প্রসঙ্গে ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক অধ্যাপক ড. মো. হারুন-অর-রশিদ আমাদের সময়কে বলেন, গত তিন পর্বে অনলাইনে ভর্তি নিশ্চিত করেছে ১২ লাখ ৪৫ হাজার শিক্ষার্থী।

এর বাইরে কিছু শিক্ষার্থী পছন্দের কলেজে সুযোগ পায়নি। এমন প্রায় ৩৫ হাজার শিক্ষার্থী আছে, যারা এখনো ভর্তির অপেক্ষায় রয়েছে। তাই এসব শিক্ষার্থীকে চতুর্থ পর্বে ভর্তির সুযোগ দেওয়া হয়েছে। তবে প্রতিষ্ঠান যেহেতু মেধাতালিকা তৈরি করবে, এ ক্ষেত্রে কোনো অনিয়ম-দুর্নীতি হলে ছাড় দেওয়া হবে না।

নোটিশে উল্লেখ করা হয়েছে, কলেজ কর্তৃক নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে আবেদন নেওয়া হবে ১০ থেকে ১৬ জুলাই পর্যন্ত। কলেজগুলো সেসব আবেদন বিবেচনা করে শূন্য আসনের ভিত্তিতে মেধা তালিকা প্রকাশ করবে ১৮ জুলাই। শূন্য আসনে কলেজে ভর্তি গ্রহণ করা হবে ২০ থেকে ২৭ জুলাই পর্যন্ত। ম্যানুয়ালি ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুলাই। এ পর্বে ভর্তির জন্য প্রতি শিক্ষার্থীকে সোনালী সেবার মাধ্যমে ৪৪৫ টাকা (আবেদন ফি ১৫০ টাকা, রেজিস্ট্রেশনসহ অন্যান্য ফি ১৯৫ টাকা এবং ডাটা এন্ট্রি ফি ১০০ টাকা) ভর্তি ফি সংশ্লিষ্ট বোর্ডে জমা দিতে হবে ৩০ জুলাই। ভর্তির সঙ্গে সঙ্গেই সংশ্লিষ্ট শিক্ষার্থী ক্লাসে অংশগ্রহণ করবে।

advertisement